



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজসেবা অধিদফতর  
বয়স্ক ভাতা কর্মসূচি  
সমাজসেবা ভবনই-৮/বি-১, আগারগাঁও,  
শেরেবাংলা নগর ঢাকা-১২০৭, বাংলাদেশ।  
[www.dss.gov.bd](http://www.dss.gov.bd)

অতীব জরুরী

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.৯৯.০০১.১৯.২৩

তারিখ: ৮ অগ্রহাষণ ১৪২৯

২৩ নভেম্বর ২০২২

বিষয়: **MIS** -এর আইডি'র যথাযথ ব্যবহার।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতাধীন উপকারভোগীর দোরগোড়ায় ভাতার অর্থ পৌঁছে দেয়ার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় সমাজসেবা অধিদপ্তর নিজস্ব ডিজিটাল প্ল্যাটফর্ম **Management Information System(MIS)** ([www.mis.bhata.gov.bd](http://www.mis.bhata.gov.bd)) প্রস্তুত করেছে। ২০১৭-১৮ অর্থবছর হতে প্রথমত পাইলটিং এবং পরবর্তীতে ২০২০-২১ অর্থবছরের ২য় কিস্তি হতে সকল ইউনিট এ প্ল্যাটফর্ম ব্যবহার করে উপকারভোগীর তথ্য সংযোজন, হালনাগাদকরণ, পেরোল প্রেরণ করে আসছে।

২০২২-২৩ অর্থবছরের শুরুতেই নিরাপত্তার স্বার্থে সকল আইডি'র পাসওয়ার্ড রিসেট করা হয়েছে এবং সংশ্লিষ্ট সমাজসেবা অফিসারকে নতুন পাসওয়ার্ড জানিয়ে পাসওয়ার্ডটি পরিবর্তনের জন্য অনুরোধ জানানো হয়েছে।

শুধু অফিসারের আইডিতেই অধিনস্তদের পাসওয়ার্ড পরিবর্তন, রোল প্রদান, হিসাব নম্বর ও অন্যান্য তথ্য সংশোধন, ডাটা ভেলিডেশন, সক্রিয়করণ এবং পে-রোল প্রেরণসহ অত্যন্ত গুরুত্বপূর্ণ দায়িত্ব প্রদান করা হয়েছে। কোন কোন কর্মকর্তা এখনো হিসাবনম্বর পরিবর্তনসহ পে-রোল এর মতো গুরুত্বপূর্ণ বিষয়ে নিজে কাজ না করে অধিনস্তদের দিয়ে করাচ্ছেন। এ সুযোগে কোন কোন উপজেলায় অনাকাঙ্ক্ষিত ঘটনার দৃষ্টান্ত পাওয়া যাচ্ছে। যেহেতু কর্মকর্তার আইডি ব্যবহার করে নম্বর পরিবর্তনের মতো ঘটনা ঘটছে সেহেতু সকল উপজেলা/শহর সমাজসেবা অফিসার যাতে স্বীয় আইডি ও পাসওয়ার্ড কারো জন্য উন্মুক্ত না রাখেন এবং নিজের আইডি ও পাসওয়ার্ড নিজেই ব্যবহার করে প্রয়োজনীয় সংশোধন, হালনাগাদ ও যাচাইসহ পে-রোল প্রদান করেন এ বিষয়টি নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, যার আইডি ব্যবহার করে অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটবে যাচাই সাপেক্ষে তিনিই দায়ী হবেন। সংশ্লিষ্ট উপজেলা/ শহর সমাজসেবা অফিসার স্বীয় আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে প্রয়োজনীয় কার্যাদি নিজেই সম্পন্ন করে থাকেন বিষয়টি নিশ্চিত করে পত্র প্রাপ্তির ১৫ কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

২৩-১১-২০২২

ড. মোঃ মোকতার হোসেন

পরিচালক

উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল)

ফোন: +৮৮০২-৫৫০০৭০২৪

ইমেইল: [dg@dss.gov.bd](mailto:dg@dss.gov.bd)

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.৯৯.০০১.১৯.২৩/১(১৪)

তারিখ: ৮ অক্টোবর ১৪২৯  
২৩ নভেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩) পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়,  
ঢাকা/চট্টগ্রাম/বরিশাল/খুলনা/রাজশাহী/রংপুর/সিলেট/ময়মনসিংহ
- ৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয় (সকল),  
.....।
- ৭) সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয় (সকল) ,.....।



২৩-১১-২০২২

ড. মোঃ মোকতার হোসেন  
পরিচালক